

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫২৩(আগরতলা-৩১।।১০)
জিরানীয়া, ৩১ অক্টোবর, ২০১৭

জিরানীয়ায় ৭-৯ নভেম্বর স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে আলোচনা

জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে আগামী ৭ থেকে ৯ নভেম্বর মহকুমার ১২টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য ও পুষ্টি দিবসের আলোচনা শিবির আয়োজিত হবে। কর্মসূচি অনুযায়ী ৭ নভেম্বর শিবির হবে পশ্চিম নোয়াগাঁওয়ের দাস পাড়া, রাধামোহনপুর ভিলেজের দশরামবাড়ী, উত্তর জয়নগর ভিলেজের নন্দরাম চন্দ্র পাড়া, পূর্ব বড়জলা নাগ্রাইবাড়ী এবং শচীন্দ্র নগরের নারায়ণ বাড়ী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ৮ নভেম্বর হবে জয়নগরের রুস্তম আলি এবং পূর্ব মোহনপুর অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ৯ নভেম্বর হবে পশ্চিম নোয়াগাঁও, উত্তর জয়নগর ভিলেজের কল্যাণঠাকুর পাড়া, বিশ্রামবাড়ীর কামানমুড়া এবং পশ্চিম বড়জলার রামদুর্গা পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে এতথ্য জানানো হয়েছে।
